# রূপালী ব্যাংক লিমিটেড
পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রকা/পগ/নোটিশ/২০২৩/২০
তারিখ : ২৬-০৯-২০২৩

## সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র সভার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, অত্র ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ২০২৩-২৪ অর্থ বছরের ১ম সভা আগামী ২৭-০৯-২০২৩ তারিখ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় জনাব তানভীর হাসনাইন মইন, মহাব্যবস্থাপক এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপ-

১) ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ করা;
২) আওতাধীন দপ্তর/সংস্থা সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা;
৩) আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রদর্শন নিশ্চিত করা;

সভায় কমিটির সদস্যগণকে উল্লিখিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

(আফরোজা সুলতানা)
উপ-মহাব্যবস্থাপক ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

বিতরণ:

১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
২। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, অর্থ প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
৩। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, আইসিটি সিস্টেমস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
৪। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
৫। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, পরিকল্পনা ও গবেষণা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

রূপালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।
পরিকল্পনা ও গবেষণা বিভাগ

রূপালী ব্যাংক লিমিটেড
পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তানভীর হাসনাইন মইন , মহাব্যবস্থাক ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি |
| সঞ্চালক | : | জনাব আফরোজা সুলতানা, উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি |
| সভার স্থান | : | জনাব তানভীর হাসনাইন মইন, মহাব্যবস্থাপক এর কক্ষে |
| তারিখ ও সময় | : | ২৭-০৯-২০২৩ তারিখ, বুধবার, সকাল ১১.০০ ঘটিকা |
| উপস্থিতি | : | সংযুক্ত-ক। |

১। সভাপতি উপস্থিত কমিটির সদস্যবৃন্দ স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি স্বাগত বক্তব্যে মন্ত্রি পরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর প্রতি আলোকপাত করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে তদারকির মাধ্যমে হালনাগাদকরণ, ওয়েবসাইটে সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শন, কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের জন্য কার্যকরী ভূমিকা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে জনাব আফরোজা সুলতানা, উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি সঞ্চালক হিসেবে সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে কমিটির কাযর্ক্রম সম্পর্কে আলোচনা করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং বিভাগ/জোনাল অফিস ও শাখা পর্যায়ে প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনের নিমিত্ত আওতাধীন বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখার ওয়েবসাইট খোলার জন্য আইসিটি সিস্টেমস বিভাগে পত্র প্রেরণ এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়/জোনাল অফিসে নির্দেশনা প্রদান এবং নিয়মিত মনিটরিং করা। | আইসিটি সিস্টেমস বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন বিভাগ/জোনাল অফিস ও শাখার কর্মকর্তা-কর্মচারীদের কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হয় | আরবিটিএ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখা পর্যায়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস ও শাখা পর্যায়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |

৫। অতঃপর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানভীর হাসনাইন মইন)
মহাব্যবস্থাপক ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

রূপালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।
পরিকল্পনা ও গবেষণা বিভাগ

# রূপালী ব্যাংক লিমিটেড
পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ : ২৭-০৯-২০২৩

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি ১ম সভার উপস্থিতি শীট

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব তানভীর হাসনাইন মইন<br>মহাব্যবস্থাপক ও সভাপতি | ২৭/০৯/২০২৩ |
| ২. | জনাব অজিত কুমার সরকার<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য / AGM | |
| ৩. | জনাব মোহাম্মদ কাউসার মোস্তাফিজ<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য / AGM | 27.09.23 |
| ৪. | জনাব মুঃ শাহজাহান শরীফ<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য | 27.09.23 |
| ৫. | জনাব আফরোজা সুলতানা<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব | 27.09.2023 |

রূপালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় ঢাকা। পরিকল্পনা ও গবেষণা বিভাগ